চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
চট্টগ্রাম।

বিজ্ঞপ্তি নম্বর: ০২/২০২৬ তারিখ: ১০.০৮.২০২৬

## কর্মচারী (১১-১৬তম গ্রেড) পদে নিয়োগ বিজ্ঞপ্তি

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ/ইনস্টিটিউট/হল/দপ্তরের নিম্নবর্ণিত শূন্য পদসমূহ স্থায়ী ভিত্তিতে পূরণের নিমিত্তে বাংলাদেশী নাগরিকগণের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্রমিক | পদের নাম | বিভাগ/ইনস্টিটিউট/হল/দপ্তর | পদের সংখ্যা | বেতন স্কেল (জাঃ বেঃ স্কেল-২০১৫ অনুযায়ী) |
|---|---|---|---|---|
| ১ | স্টোর সুপারভাইজার | জামাল নজরুল ইসলাম উচ্চতর গবেষণা কেন্দ্র (জেএনআইসিএআর) | ০১ টি | ৳১১,৩০০-২৭,৩০০/- |
| ২ | উচ্চমান সহকারী | হিসাব নিয়ামক দপ্তর | ০১ টি | ৳১১,০০০-২৬,৫৯০/- |
| ৩ | উচ্চমান সহকারী | বিজয় ২৪ হল | ০১ টি | ৳১১,০০০-২৬,৫৯০/- |
| ৪ | স্টোর কিপার | পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর | ০১ টি | ৳১১,০০০-২৬,৫৯০/- |
| ৫ | স্টোর কিপার | প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগ | ০১ টি | ৳১১,০০০-২৬,৫৯০/- |
| ৬ | ল্যাবরেটরি সহকারী | জিন প্রকৌশল ও জীব প্রযুক্তি বিভাগ | ০১ টি | ৳১১,০০০-২৬,৫৯০/- |
| ৭ | টেলিফোন অপারেটর | প্রকৌশল দপ্তর | ০১ টি | ৳১১,০০০-২৬,৫৯০/- |
| ৮ | প্যাথলজি টেকনিশিয়ান | চিকিৎসা কেন্দ্র | ০১ টি | ৳১১,০০০-২৬,৫৯০/- |
| ৯ | ল্যাবরেটরি টেকনিশিয়ান | উদ্ভিদ বিজ্ঞান বিভাগ | ০১ টি | ৳১১,০০০-২৬,৫৯০/- |
| ১০ | ফটোগ্রাফার (জুনিয়র) | রেজিস্ট্রার দপ্তর | ০১ টি | ৳১০,২০০-২৪,৬৮০/- |
| ১১ | সাঁটলিপিকার | লোকপ্রশাসন বিভাগ | ০১ টি | ৳১০,২০০-২৪,৬৮০/- |
| ১২ | মিউজিয়াম সহকারী | উদ্ভিদ বিজ্ঞান বিভাগ | ০১ টি | ৳১০,২০০-২৪,৬৮০/- |
| ১৩ | সার্ভেয়ার | রেজিস্ট্রার দপ্তর | ০১ টি | ৳৯,৩০০-২২,৪৯০/- |
| ১৪ | কম্পিউটার মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী | রেজিস্ট্রার দপ্তর | ০১ টি | ৳৯,৩০০-২২,৪৯০/- |
| ১৫ | কম্পিউটার মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী | সোহরাওয়ার্দী হল | ০১ টি | ৳৯,৩০০-২২,৪৯০/- |
| ১৬ | কম্পিউটার মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী | অতীশ দীপংকর শ্রীজ্ঞান হল | ০১ টি | ৳৯,৩০০-২২,৪৯০/- |
| ১৭ | কম্পিউটার মুদ্রাক্ষরিক-কাম-অফিস.সহকারী | রাজনীতি বিজ্ঞান বিভাগ | ০১ টি | ৳৯,৩০০-২২,৪৯০/- |
| ১৮ | কম্পিউটার মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী | ইনস্টিটিউট অব মেরিন সায়েন্সেস | ০১ টি | ৳৯,৩০০-২২,৪৯০/- |
| ১৯ | প্রুফ রিডার গ্রেড-২ | চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় প্রেস | ০১ টি | ৳৯,৩০০-২২,৪৯০/- |
| ২০ | নিম্নমান সহকারী | পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর | ০১ টি | ৳৯,৩০০-২২,৪৯০/- |
| ২১ | কম্পিউটার ল্যাব. সহকারী | রাজনীতি বিজ্ঞান বিভাগ | ০১ টি | ৳৯,৩০০-২২,৪৯০/- |
| ২২ | গ্রন্থাগার সহকারী গ্রেড-২ | যোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ | ০১ টি | ৳৯,৩০০-২২,৪৯০/- |
| ২৩ | ল্যাবরেটরি টেকনিশিয়ান | প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগ | ০১ টি | ৳৯,৩০০-২২,৪৯০/- |
| ২৪ | ড্রাইভার | পরিবহন দপ্তর | ০১ টি | ৳৯,৩০০-২২,৪৯০/- |
| ২৫ | ড্রাইভার | চিকিৎসা কেন্দ্র | ০১ টি | ৳৯,৩০০-২২,৪৯০/- |

**পদসমূহের জন্য প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা:**

**ক্রমিক-১** নং পদের জন্য প্রার্থীকে অবশ্যই গ্র্যাজুয়েট/সমমান হতে হবে। স্টোরের কাজে কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। চাকুরিতে যোগদানের সময় ২০,০০০/- (বিশ হাজার) টাকা নগদ জামানত প্রদান করতে হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে।

**ক্রমিক-২** নং পদের জন্য প্রার্থীকে অবশ্যই কমার্স গ্র্যাজুয়েট হতে হবে এবং সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে অফিসের কাজে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে।

**ক্রমিক-৩** নং পদের জন্য প্রার্থীকে গ্র্যাজুয়েট/সমমান পাশ হতে হবে এবং সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে অফিসের কাজে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে।

**ক্রমিক-৪** নং পদের জন্য প্রার্থীকে অবশ্যই গ্র্যাজুয়েট/সমমান হতে হবে। স্টোরের কাজে কমপক্ষে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। চাকুরিতে যোগদানের সময় ২০,০০০/- (বিশ হাজার) টাকা নগদ জামানত প্রদান করতে হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে।

**ক্রমিক-৫** নং পদের জন্য প্রার্থীকে অবশ্যই প্রাণরসায়ন/রসায়নসহ বি.এস-সি. পাশ হতে হবে। স্টোরের কাজে কমপক্ষে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। চাকুরিতে যোগদানের সময় ২০,০০০/- (বিশ হাজার) টাকা নগদ জামানত প্রদান করতে হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে।

**ক্রমিক-৬** নং পদের জন্য প্রার্থীকে জীববিদ্যা ও রসায়নসহ বি.এস-সি. পাশ হতে হবে। ল্যাবরেটরিতে যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ ও পরিচালনায় অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে।

**ক্রমিক-৭** নং পদের জন্য প্রার্থীকে এইচ.এস.সি./সমমান পাশ হতে হবে এবং টেলিফোন এক্সচেঞ্জের কাজে ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (With Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে।

চলমান পাতা-০২

**ক্রমিক-৮** নং পদের জন্য প্রার্থীকে অবশ্যই এইচ.এস.সি./সমমান হতে হবে। অবশ্যই কোনো প্রাইভেট বা সরকারি হাসপাতালে সংশ্লিষ্ট কাজে ০৬ (ছয়) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে উচ্চতর প্রারম্ভিক বেতন দেয়া যেতে পারে। প্রার্থীকে অবশ্যই MS Word (With Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে।

**ক্রমিক-৯** নং পদের জন্য প্রার্থীকে বিজ্ঞান বিভাগে এইচ.এস.সি. পাশ এবং স্বীকৃত পলিটেকনিক ইনস্টিটিউট/কলেজ হতে ০৩/০৪ বছর মেয়াদী ইলেকট্রিক্যাল ডিপ্লোমা থাকতে হবে। স্বীকৃত প্রতিষ্ঠানে ইলেকট্রিক্যাল, ইলেকট্রনিক্স যন্ত্রপাতি মেরামতে ০২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে।

**ক্রমিক-১০** নং পদের জন্য প্রার্থীকে অবশ্যই এইচ.এস.সি. (বিজ্ঞান) পাশ হতে হবে। কোনো প্রথম শ্রেণির স্টুডিও/স্বায়ত্বশাসিত/আধা-স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে সহকারী ফটোগ্রাফার বা ফটোগ্রাফার হিসেবে কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। ফটোমাইক্রোগ্রাফিতে সাধারণ জ্ঞান এবং ম্যাক্রো ও ক্লোজআপ ফটোগ্রাফিতে দক্ষতাসহ স্লাইড প্রিপারেশন ও আধুনিক ক্যামেরা পরিচালনার বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে।

**ক্রমিক-১১** নং পদের জন্য প্রার্থীকে ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতাসহ এইচ.এস.সি./সমমান পাশ অথবা ০১ (এক) বছরের বাস্তব অভিজ্ঞতাসহ গ্র্যাজুয়েট/সমমান হতে হবে। ইংরেজি ও বাংলায় শর্টহ্যান্ড এর গতি যথাক্রমে প্রতি মিনিটে ৭৫ ও ৪৫ শব্দ এবং টাইপের গতি ৪৫ ও ২৫ শব্দ থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে।

**ক্রমিক-১২** নং পদের জন্য প্রার্থীকে উদ্ভিদবিদ্যাসহ অবশ্যই বি.এস-সি. পাশ হতে হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে।

**ক্রমিক-১৩** নং পদের জন্য প্রার্থীকে এস.এস.সি./সমমান পাশ হতে হবে এবং সার্ভে ফাইনাল/আমিনশীপ পাশ ও সার্ভে কাজে ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে।

**ক্রমিক-১৪ হতে ১৮** নং পদের জন্য প্রার্থীকে কমপক্ষে এইচ.এস.সি./সমমান পাশ হতে হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে। বাংলা ও ইংরেজিতে প্রতি মিনিটে যথাক্রমে ২৫ ও ৪৫ শব্দ টাইপের গতি থাকতে হবে।

**ক্রমিক-১৯** নং পদের জন্য প্রার্থীকে অবশ্যই এইচ.এস.সি./সমমান পাশ হতে হবে এবং বাংলা ও ইংরেজি ভাষা জ্ঞানের দক্ষতাসহ কোনো সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান অথবা স্বনামধন্য প্রিন্টিং প্রেসে প্রুফ রিডিং এর কাজে ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (With Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে।

**ক্রমিক-২০** নং পদের জন্য প্রার্থীকে এইচ.এস.সি./সমমান পাশ হতে হবে এবং সংশ্লিষ্ট অফিসের কাজে ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে।

**ক্রমিক-২১** নং পদের জন্য প্রার্থীকে এইচ.এস.সি./সমমান পাশ হতে হবে। সরকার অনুমোদিত কোনো প্রতিষ্ঠান হতে কম্পিউটার হার্ডওয়্যার, সফটওয়্যার ও নেটওয়ার্কিং বিষয়ে কমপক্ষে ০৬ (ছয়) মাস মেয়াদী প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে। সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে।

**ক্রমিক-২২** নং পদের জন্য প্রার্থীকে এইচ.এস.সি./সমমান পাশ হতে হবে। অফিসের কাজে ০১ (এক) বছরের অভিজ্ঞতা অথবা গ্রন্থাগার বিজ্ঞানে সার্টিফিকেট কোর্স পাশ হতে হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে।

**ক্রমিক-২৩** নং পদের জন্য প্রার্থীকে বিজ্ঞান বিভাগ হতে ন্যূনতম ২য় শ্রেণি/জিপিএ ৩.০০ সহ এইচ.এস.সি. পাশ হতে হবে। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত/স্বনামধন্য প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে ০২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে।

**ক্রমিক-২৪ ও ২৫** নং পদের জন্য প্রার্থীকে কমপক্ষে ৮ম শ্রেণি পাশ এবং ভারী/হালকা গাড়ি চালানোর লাইসেন্সধারী হতে হবে। প্রার্থীকে ভারী/হালকা গাড়ি চালানোর কাজে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

*** মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য নিয়োগের অন্যান্য শর্তাদি পূরণ সাপেক্ষে সরকারি সিদ্ধান্ত অনুসারে কোটা নির্ধারিত থাকবে।**

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিস অথবা চবি ওয়েবসাইট https://cu.ac.bd/forms-downloads হতে ০১ (এক) কপি নমুনা ফরম সংগ্রহপূর্বক আগামী ১০.০৯.২০২৫ খ্রিস্টাব্দের মধ্যে অফিস চলাকালীন সময়ে (সকাল ৮:৩০ টা হতে দুপুর ৩:৩০ টা) বা তৎপূর্বে নিম্নস্বাক্ষরকারীর বরাবরে ০৬ (ছয়) কপি দরখাস্ত পাঠাতে হবে। ০১ (এক) কপি দরখাস্ত গ্রহণ করা হবে না।

**মাসিক মূল বেতন নির্ধারণের ক্ষেত্রে এ বিশ্ববিদ্যালয় ব্যতীত অন্য কোনো প্রতিষ্ঠানের শেষ মূল বেতন সনদ (এল.পি.সি.) গ্রহণ করা হবে না।**

অগ্রণী ব্যাংকের যেকোন শাখা হতে রেজিস্ট্রার, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এর অনুকূলে অগ্রণী ব্যাংক পিএলসি, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা, চট্টগ্রাম এ প্রদেয় দরখাস্তের ফি বাবদ ৳৪০০/- (চারশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এবং সাম্প্রতিককালের তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, অভিজ্ঞতার সনদ, কম্পিউটার প্রশিক্ষণ সনদ, জাতীয় পরিচয়পত্র, জন্ম নিবন্ধন সনদ ও জাতীয়তা সনদের সত্যায়িত ০১ (এক) সেট ছায়ালিপি অবশ্যই দরখাস্তের সঙ্গে সংযুক্ত করতে হবে। অন্যথায় দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।

প্রার্থী তাঁর আবেদনে কোনো অর্জিত/চলমান শিক্ষাগত যোগ্যতা/প্রশিক্ষণ ইত্যাদি বিষয় গোপন করে থাকলে এবং পরবর্তীতে নিয়োগপ্রাপ্ত হলে এ সকল শিক্ষাগত যোগ্যতা তাঁর চাকুরি জীবনে কোনো পদোন্নতি/নিয়োগের ক্ষেত্রে গণনা করা হবে না।

কোন বিভাগ/ইনস্টিটিউট/হল/দপ্তরের পদের জন্য আবেদন করছেন তা' অবশ্যই উল্লেখ করতে হবে। প্রত্যেক পদের জন্য আলাদাভাবে দরখাস্ত জমা দিতে হবে। একটি দরখাস্তে একাধিক অফিস বা পদের নাম উল্লেখ করা যাবে না।

ফি ছাড়া, নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত দরখাস্ত এবং উপরে বর্ণিত ব্যাংক ব্যতীত অন্য কোনো ব্যাংকের ড্রাফট/পে-অর্ডার গ্রহণ করা হবে না।

**চাকুরিরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।**

(মোঃ হাছান মিয়া)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

Class -3 Cell-PC/F-Drive/Employee Recruitment Notice/NIZAM